

বর্ধমান পৌরসভা  
জি.টি.রোড, বর্ধমান, ৭১৩১০১

ক্রমিক নং- ২০০/এন.ইউ.এল.এম./১২-৬

তাং ০৪/০৯/২০২১

নোটিশ

জাতীয় শহুরে জীবিকা মিশন (এন.ইউ.এল.এম.) প্রকল্পের আওতায় বর্ধমান পৌরসভা হতে বেসিক নার্সিং (General Duty Assistant) কোর্সে বিনামূল্যে কারিগরী প্রশিক্ষণ দেওয়া হবে। আবেদনকারীর বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে এবং শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাস। আবেদনকারীকে বর্ধমান পৌর এলাকার একজন স্থায়ী বাসিন্দা হতে হবে। সুজা অফিস প্রদেয় বর্ধমান পৌরসভার বি.পি.এল তালিকাভুক্ত অথবা AAY / SPHH/ PHH / RKS-1 এই চার ধরনের রেশন কার্ডের মধ্যে যেকোনো এক ধরনের রেশন কার্ড থাকলে এই প্রশিক্ষণে সুযোগ নেওয়ার জন্য আবেদন করতে পারবেন। এছাড়াও পৌরসভার তালিকাভুক্ত স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা অথবা তাদের পরিবারের অন্যান্য সদস্য / সদস্যা -রা এই প্রশিক্ষণে সুযোগ নেওয়ার জন্য আবেদন করতে পারবেন এবং এক্ষেত্রে তারা অগ্রাধিকার পাবেন। এছাড়াও যাদের পারিবারিক বার্ষিক আয় এক লক্ষ আশি হাজার টাকার মধ্যে সীমাবদ্ধ তারাও আবেদন করতে পারবেন, এক্ষেত্রে পৌরসভা থেকে নেওয়া আয়ের শংসাপত্র আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। বর্ধমান পৌরসভার ওয়েব সাইট [www.burdwanmunicipality.gov.in](http://www.burdwanmunicipality.gov.in) থেকে অনলাইনে আবেদন করতে হবে। আবেদন পত্র অনলাইনে জমা দেবার শেষ তারিখ ১৫.০৯.২০২১

প্রশাসক চৌধুরী  
পৌর প্রশাসক ৪/৯/২১  
পৌর প্রশাসক মন্ডলী  
বর্ধমান পৌরসভা

ক্রমিক নং- ২০০(৯৫)/এন.ইউ.এল.এম./১২-৬ তাং ০৪/০৯/২০২১

প্রতিলিপি প্রেরিত হলো:

1. উপ পৌর প্রশাসক, পৌর প্রশাসক মন্ডলী, বর্ধমান পৌরসভা
2. সদস্য/সদস্যা, পৌর প্রশাসক মন্ডলী, বর্ধমান পৌরসভা
3. কার্যনির্বাহী আধিকারিক, বর্ধমান পৌরসভা
4. অর্থ আধিকারিক, বর্ধমান পৌরসভা
5. সিটি মিশন ম্যানেজারস, বর্ধমান পৌরসভা
6. আইটি কো-অর্ডিনেটর, বর্ধমান পৌরসভা, পৌরসভার ওয়েবসাইটে অনলাইন আবেদন পত্র গ্রহণ এর লিংক সহ প্রকাশ করার অনুরোধ রেখে
7. কমিউনিটি অর্গানাইজারস, বর্ধমান পৌরসভা
8. প্রতিনিধি, এরিয়া লেভেল ফেডারেশনস, এন.ইউ.এল.এম. - বর্ধমান পৌরসভা
9. অফিস নোটিশ বোর্ড

প্রশাসক চৌধুরী  
পৌর প্রশাসক ৪/৯/২১  
পৌর প্রশাসক মন্ডলী  
বর্ধমান পৌরসভা